

## আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড

(আইসিবি'র একটি সাবসিডিয়ারি প্রতিষ্ঠান)  
গ্রীন সিটি এজ্ (৫ম তলা), ৮৯, কাকরাইল, ঢাকা-১০০০।  
www.icbamcl.com.bd

### হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

নং-০১.০২/

তারিখঃ ২৪ আশ্বিন ১৪৩১  
০৯ অক্টোবর ২০২৪

### বিজ্ঞপ্তি

#### অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার (গ্রেড-৯) পদে প্যানেল হতে নিয়োগের নিমিত্ত রিপোর্টিং প্রসঙ্গে।

আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড এর ৩০ মার্চ, ২০২৩ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তি নং-০১.০২.৫২৮৯ এর প্রেক্ষিতে অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার পদে নিম্নে বর্ণিত রোল নম্বরধারী প্রার্থীকে রিপোর্ট করার নিমিত্ত নির্বাচিত করা হয়েছেঃ-

৪২৬

০২। বর্ণিত রোল নম্বরধারী প্রার্থীকে নিম্নোক্ত কাগজপত্রাদি ক্রমানুসারে সংযুক্ত করে উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন, আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড, গ্রীন সিটি এজ্ (৫ম তলা), ৮৯, কাকরাইল, ঢাকা-১০০০ এর নিকট আগামী ১৭ অক্টোবর ২০২৪ তারিখ রিপোর্ট করার জন্য অনুরোধ করা হলোঃ

- ১) রোল নম্বর, মোবাইল নম্বর এবং ই-মেইল অ্যাড্রেস উল্লেখপূর্বক 'অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার' পদে যোগদানে ইচ্ছুক মর্মে স্বহস্তে লিখিত আবেদনপত্র;
- ২) সদ্য তোলা পাসপোর্ট আকারের ২(দুই) কপি সত্যায়িত রঙিন ছবি (ল্যাব প্রিন্ট);
- ৩) পরীক্ষার প্রবেশপত্র;
- ৪) আবেদনকালীন চলমান ডিগ্রি/আবেদন পরবর্তীকালীন সম্পাদিত স্নাতকোত্তর/সমমান ডিগ্রির সনদের সত্যায়িত কপি;
- ৫) অনলাইন আবেদনে উল্লিখিত সর্বশেষ অর্জিত ডিগ্রির সপক্ষে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের সত্যায়িত কপি;
- ৬) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও অভিজ্ঞতা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত কপি;
- ৭) প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর/পৌরসভার চেয়ারম্যান/মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব/জাতীয়তা সনদপত্রের কপি;
- ৮) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি; এবং
- ৯) বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বিবেচ্য প্রমাণক হিসেবে প্রয়োজনীয় দলিলাদির সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

০৩। আগামী ১৭ অক্টোবর ২০২৪ তারিখে বর্ণিত রোল নম্বরধারী প্রার্থী নির্দেশিত ফরম ও কাগজপত্র জমা দিতে ব্যর্থ হলে কোম্পানির নিয়োগের জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

(রিফাত আনোয়ার)

অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা

ফোনঃ ০২-৮৩০০৪০২

ই-মেইলঃ recruit@icb.org.bd